SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৬ষ্ঠ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা নাসরীন,প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৫ নভেম্বর ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রম নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এইচপিভি টিকা কার্যক্রম ২৮ নভেম্বর-২০২৪ পর্যন্ত চলমান থাকবে।<br>তিনি আরোও জানান যে, চলতি মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেজিষ্টেশনকৃত রোগীর সংখ্যা ৬,৮৫০ জন। আউটডোরে প্রতিনিধি ৩৫০ থেকে ৪০০ জন রোগীর সেবা প্রদান করা হয়ে থাকে। | ১০ থেকে ১৪ বছর পর্যন্ত কিশোরীরা এখনো পর্যন্ত যারা এইচপিভি টিকা দেন নাই তাহারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে এইচপিভি টিকা প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, অত্র উপজেলা সীমান্তবর্তী থাকায় কানাইঘাট থানায় জনবল কম থাকার কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন।<br><br>চেয়ারম্যান,০৪ নং ইউনিয়ন পরিষদ জানান, সীমান্ত এলাকা দিয়ে অবৈধ ভাবে চোরাচালান মালামাল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান,০৯ নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান, রাজাগঞ্জ ইউনিয়নের অর্ন্তগত সকল বাজারে মাদক দ্রব্য বিক্রি বেড়ে যাওয়ায় এলাকায় মাদক সেবনে সীমা ছেড়ে গেছে। প্রতিটি বাজারে মাদক দ্রব্য বিক্রি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ক) জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সীমান্ত এলাকা দিয়ে অবৈধ ভাবে চোরাচালান মালামাল বন্ধ করার প্রয়োজনীয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) অত্র উপজেলার সংশ্লিষ্ট বাজারে মাদক দ্রব্য বিক্রি বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ০২ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা শুরু হবে। ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক মূল্যায়ন এবং অন্যান্য শ্রেণিতে ধারাবাহিক মূল্যায়ন হবে। জানুয়ারি ২০২৫ সাল থেকে নতুন ভর্তি শুরু হবে। ভর্তির জন্য জন্মনিবন্ধন প্রয়োজন। জন্মনিবন্ধন করার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন। | বিদ্যালয়ে শিশুদের ভর্তির ক্ষেত্রে দ্রুত জন্মনিবন্ধন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ প্রশাসক, পৌরসভা /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, NTRCA কর্তৃক e-Registalien কার্যক্রম চলমান রয়েছে। IBAS ++ অদ্যাবধি এর মাধ্যমে জানুয়ারি-২০২৫ থেকে MPO এইচএসসি যুক্ত | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মাণাধীন ভবনের অসম্পূর্ণ কাজ কয়টি বিদ্যালয়ে রয়েছে সেগুলোর তালিকা প্রদানের জন্য উপজেলা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষকদের বেতন ও ভাতাদি দেয়া হবে। এবং পরিদর্শন ও দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরোও জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মাণাধীন ভবনের অসম্পূর্ণ কাজ সম্পন্ন করার জন্য সভাকে অবহিত করেন। | মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় যাচাই-বাছাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>নিম্নে প্রকল্পগুলোর নাম উল্লেখ করা হলো:-<br>১. ১নং ওয়ার্ডের কৃষি উন্নয়নের জন্য লন্ডনীর প্লটে, নিজ কাড়াবাল্লা গমর সড়কে, এরালিগুলের পার্শ্বের রিং পাইপ স্থাপন=২,০০,০০০/-<br>২. ৪নং ওয়ার্ডের নক্তিপাড়া কালা হাজি জামে মসজিদ হইতে পূর্বমুখী মমতাজলাল বাজার মুখী রাস্তা সিসি ঢালাই =৫,০০,০০০/-<br>৩. ৬নং ওয়ার্ডের মন্নানের বাড়ির সামনে, আব্দুলের বাড়ির সামনে, কেওটি হাওর মসজিদের সামনে, আলতাফ হোসেনের দোকানের সামনে, কেওটি হাওর জয়নুলের বাড়ির সামনে ও বকুলের বাড়ির সামনে রিং পাইপ স্থাপন=২,০০,০০০/-<br>৪. ভাটি বারাপৈত গ্রামের গ্রামীণ টাওয়ার হইতে ভাটি বারাপৈত সরকারী প্রাথমিক বিদ্যালয় মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,৫০,০০০/-<br>৫. তেরহালি তিউরার নালে কালভার্ট নির্মাণ=৩,০০,০০০/-<br>৬. কুকুবাড়ি জব্বুরের বাড়ির সামনা হইতে উত্তরমুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=৪,০০,০০০/-<br>৭. বাউরভাগ ৪র্থ খন্ড সুরাইঘাট - চতুল রাস্তা হইতে ইয়ার বাড়ি মুখী রাস্তায় রিং পাইপ স্থাপন=১,০০,০০০/-<br>৮. কানাইঘাট - সুরাইঘাট রাস্তা হইতে লামারগ্রাম মুখী রাস্তায় U-Drain নির্মাণ =২,৬০,০০০/-<br>৯. বড়বন্দ বাজার হইতে দক্ষিণ মুখী পুরাণ বাজার সংযোগ রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন (এনাম মিয়ার সমিল হইতে মোহন মিয়ার বাড়ি মুখী রাস্তা)=৩,০০,০০০/-<br>১০. সুরাইঘাট-চতুল রাস্তা হইতে দক্ষিণ মুখী বড়বন্দ ৪র্থ খন্ড (নয়ামাটি) গ্রামের রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন= ২,০০,০০০/-<br>১১. ৫নং ওয়ার্ড কাজির গ্রাম হাছন রাজার বাড়ী হইতে মসজিদ মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>১২. ৭নং ওয়ার্ড হাফিজ ফয়জুল হক সাহেবের বাড়ি হইতে জামাল মিয়ার দোকান মুখী রাস্তা সিসি করণ=২,০০,০০০/-<br>১৩. ২নং ওয়ার্ড দর্পনগর পূর্ব শাহী ঈদগাহ হইতে বন্দর বাড়ি মুখী রাস্তা সিসি করণ=২,০০,০০০/-<br>১৪. শাহ ইব্রাহিম তসনা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তা সংস্কার করণ=৩,০০,০০০/-<br>১৫. দর্পনগর পশ্চিম কোনগ্রাম রাস্তায় U-Drain নির্মাণ =২,০০,০০০/-<br>১৬. জুলাই মাঝরচটি গাংপাড় - দাবাধরনীর মাটি নবাবী রাস্তায় হাজী নজির এর বাড়ির নিকট ড্রেন | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর উপস্থাপিত দাখিলকৃত প্রকল্পগুলো অনুমোদন করা হলো।<br><br>(খ) পুরাতন ও জরাজীর্ণ ভবন সমূহ নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য অনুমোদন প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) বর্ণিত কাজগুলো সরকারি সকল নিতিমালা ও বিধিমালা অনুযায়ী যথাযথ অনুসরণ পূর্বক বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) বর্ণিত কাজগুলো বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্মাণ=১,৪৫,০০০.০০<br>১৭. দাবাধরনীর মাটি গ্রামের আত্তাব মেকার এর বাড়ি হইতে সদিওলের মাটি গ্রাম মুখী রাস্তায় ইট সোলিং করণ=১,৬০,০০০/-<br>১৮. পশ্চিম জুলাই রাস্তায় (U-Drain) ড্রেন নির্মাণ (কানাইঘাট খেয়াঘাট হইতে ভবানীগঞ্জ বাজার মুখী এলজিইডি রাস্তার প্রায় ৪২৭ মিটার দক্ষিণে পশ্চিম জুলাই রাস্তায় অবস্থান)=২,০০,০০০/-<br>১৯. সুরমা ডাইক রইছ উদ্দিন মেম্বার এর বাড়ির নিকট হইতে ভাড়ারী মাটি গ্রাম মুখী রাস্তা সিসি করণ=২,১০,০০০/-<br>২০. বাংলাবাজার টু ভবানীগঞ্জ বাজার সংযোগ এলজিইডি রাস্তা হতে কলেজ মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=১,০০,০০০/-<br>২১. উপর বড়াই মসজিদ হইতে পশ্চিম মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>২২. ৩নং ওয়ার্ডের চতুল বাজারের কামার গলিতে ড্রেন নির্মাণ=১,০০,০০০/-<br>২৩. ৬নং ওয়ার্ডের নয়াফৌদ এলজিইডি রাস্তা হইতে সিঙ্গাইর নদী মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=৩,০০,০০০/-<br>২৪. ৫নং ওয়ার্ডের মুক্তাপুর জামাল মিয়ার বাড়ির সম্মুখ হইতে ফারুকের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>২৫. ৮নং ওয়ার্ডের কুড়ারপার আব্দুর রহমানের বাড়ির সম্মুখ হইতে দক্ষিণ মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>২৬. দলকিরাই গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয় গামী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>২৭. নিজ চাউরা উত্তর কুটি মিয়ার বাড়ি হইতে সফিক মিয়ার বাড়ি মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=২,৫০,০০০/-<br>২৮. কানাইঘাট-সুরাইঘাট রোড হইতে বড়কান্দি মসজিদ সড়কের সুরাইখালের উপর কালভার্ট নির্মাণ=৪,৫০,০০০/-<br>২৯. বীরদল ভাড়ারীফৌদ পূর্ব জামে মসজিদ হইতে উত্তর মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>৩০. গাছবাড়ী নয়াগ্রাম মুতলিব মেম্বারের বাড়ীর নিকট হইতে গাছবাড়ী বাজার মুখী রাস্তা সংস্কার করণ=৭,৫০,০০০/-<br>৩১. নিজ বাউরভাগ পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন ত্রিমুখ হইতে পূর্ব মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>৩২. বড়দেশ উত্তর হারুনের বাড়ির পশ্চিম পার্শ্ব হইতে দক্ষিণ মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-<br>৩৩. সরদার মাটি ফয়জুর রহমানের বাড়ির নিকট হইতে উত্তর মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=৩,০০,০০০/-<br>৩৪. ২নং ওয়ার্ডের বাখাইরপার পশ্চিম জামে মসজিদ হইতে পশ্চিম দিকে মিয়ারচটি মাদ্রাসা অভিমুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=৪,৭০,০০০/-<br>৩৫. ২নং ওয়ার্ডের গাছবাড়ী-হরিপুর রাস্তা হইতে উত্তরমুখী রাস্তার অসমাপ্ত কাজ গোয়ালজুর পুরাতন রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=২,৬০,০০০/-<br>৩৬. ৬নং ওয়ার্ডের ঠিনচটি গ্রামের ডা ইব্রাহিম আলী | | |

সাহেবের বাড়ি মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,১০,০০০/-

৩৭. ৭নং ওয়ার্ডের নলাইমাটি গ্রামের মস্তাক আহমদের বাড়ির পশ্চিম পার্শ্ব হইতে দক্ষিন দিকে হারুন রশিদের বাড়ি মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,৩৫,০০০/-

৩৮. গাছবাড়ী-হরিপুর রাস্তায় জংলা বাজারের পূর্ব পাশের বক্স কালভার্ট সংস্কার করণ=১,০০,০০০/-

৩৯. ১নং ওয়ার্ডের লালারচক পশ্চিম গ্রামের আটঘরি রাস্তার মুখে U-Drain নির্মাণ=২,০০,০০০/-

৪০. ধানপাড় গ্রামের শাহিনের বাড়ি হইতে সিরাজের বাড়ি পর্যন্ত রাস্তায় গার্ডওয়াল নির্মাণ এবং জালালের বাড়ি হইতে জলিলের দোকান মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন=৩,৫০,০০০/-

৪১. নয়ামাটি মসজিদের পার্শ্ব হইতে ময়না মিয়ার বাড়ি মুখী রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন=৫,৫০,০০০/-

৪২. কানাইঘাট উপজেলার কৃষকদের মধ্যে সরিষা বীজ, গম বীজ ও সার বিতরণ=১,৫০,০০০/-

৪৩. উপজেলা হাসপাতালের আবর্জনা পোড়ানোর জন্য অবকাঠামো নির্মাণ=২,০০,০০০/-

৪৪. সোনাপুর সুরমা ডাইক HBB রাস্তা হইতে মালিক মিয়ার বাড়ি মুখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন=২,০০,০০০/-

৪৫. বোরহান উদ্দিন সড়কের (নন্দিরাই) পয়েন্টে সংস্কার করণ=৩,৯০,০০০/-

৪৬. বোরহান উদ্দিন সড়কের (জঙ্গিপুর) পয়েন্টে সংস্কার করণ=৩,৫০,০০০/-

৪৭. আয় বর্ধক উপকরণ বিতরণ ও প্রশিক্ষণ=২,০০,০০০/-

৪৮. কানাইঘাট উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ=১,০০,০০০/-

৪৯. দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা দূরীকরণ=২,০০,০০০/-

(খ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, অত্র উপজেলার ভিতরে পুরাতন 'বিএডিসি অফিস (অফিস ভবন, গুদাম ও কোয়ার্টার)' ও অত্র উপজেলার 'চতুল ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন ভবন' নিলাম করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।

(গ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, অত্র উপজেলাধীন উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার (Part-A)(মেইন বিল্ডিং),উপজেলা প্রশাসক/ চেয়ারম্যান কোয়ার্টার(Part-B) (ওপেন স্পেইস), উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার (Part-E) (জিপ গ্যারেজ) মেরামতের জন্য ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা অনুমোদন পাওয়া যায়। বর্ণিত কাজগুলো বিধিমালা অনুযায়ী টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভাকে অবহিত করেন।

(ঘ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, অত্র উপজেলাধীন উপজেলা কমপ্লেক্সের মহুয়া গেজেটেড কোয়ার্টার, পায়রা গেজেটেড কোয়ার্টার, সুগন্ধা নন-গেজেটেড কোয়ার্টার, তরুলতা নন-গেজেটেড কোয়ার্টার, বনলতা নন-গেজেটেড কোয়ার্টার,

| | | | | |
|---|---|---|---|---|
| | | নীহারিকা নন-গেজেটেড কোয়ার্টার, ময়ূরাক্ষী গেজেটেড কোয়ার্টার, একতা ডরমেটরী, মৌচাক ডরমেটরী ভবন মেরামত ও সংস্কার, উপজেলা পরিষদ অডিটোরিয়াম মেরামত ও সংস্কার এবং উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরীণ ইন্টারনাল রোড ও সারফেইস ড্রেন উন্নয়ন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন ধান কর্তন করা শুরু হয়েছে। প্রায় ১২% ধান কর্তন করা হয়েছে।<br><br>সভাপতি জানান, অত্র উপজেলার কৃষি পর্যটন টিলাগুলোতে আদা,রসুন চাষাবাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিনি আরোও জানান, অত্র উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের ভিতরের খালি জায়গা, উপজেলা পরিষদের ভিতরের খালি জায়গা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে খালি জায়গায় আদা, রসুন চাষাবাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। | অত্র উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের ভিতরের খালি জায়গা, উপজেলা পরিষদের ভিতরের খালি জায়গা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরের খালি জায়গায় আদা, রসুন চাষাবাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এবং সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা ১৯৮৫ " মাছ চাষের উদ্দেশ্য ছাড়া কোন জলাশয় সম্পূর্ণ শুকিয়ে বা সেচে এবং বিষ প্রয়োগ করে মাছ আহরণ করা নিষিদ্ধ " বর্তমান সময় শীতকাল/শুকনা মৌসুম এ সময়ে বিভিন্ন জলাশয়ে মাছ ধরার সময় জলাশয় শুকিয়ে মাছ ধরার প্রবণতা বেশী। দেশীয় প্রজাতির মাছের বংশ রক্ষার্থে জলাশয় শুকিয়ে বা সেচে যাতে মাছ না ধরা হয় সে বিষয়ে সচেতনতা সৃষ্টি প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দেশীয় প্রজাতির মাছের বংশ রক্ষার্থে জলাশয় শুকিয়ে বা বিষ প্রয়োগ করে মাছ না ধরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ২৬-১১-২০২৪ ইং তারিখ পর্যন্ত মোট ছাগল, ভেড়া,গাড়ল প্রাণীর মধ্যে মোট ১৪,০৯৬ টি প্রাণিকে পিপিআর রোগের টিকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরোও জানান যে, মুরগীর রানীক্ষেত রোগের টিকা প্রদান করা হয়েছে ১০,০০০ মুরগীকে। হাঁসের ডাকপ্লেগ রোগের করা হয় ৭০০০ হাঁসকে এছাড়াও গবাদীপশুকে টিকা প্রদান করার হয় ২১০০ প্রাণিকে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম "অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা" এর সুবিধাভোগী হওয়ার জন্য অনলাইন আবেদন দাখিল সময়সীমা ৩০ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ ছাড়া হিজড়া ভাতা,অনগ্রসর ভাতা পাওয়ার জন্য অনলাইন আবেদন চলছে। এ সংক্রান্ত উপকারভোগীকে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য সভায় অনুরোধ জানান। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে হিজড়া ভাতা,অনগ্রসর ভাতার আবেদন অনলাইনে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা / সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক এখনো কোন বরাদ্দ পাওয়া যায় নি। | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় ও অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বর্তমানে অত্র উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগে জনবল সংকট রয়েছে। অত্র উপজেলায় ০৮(আট)টি স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র রয়েছে। উক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে জনবল সংকট থাকার কারণে রোগীদের সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। জরগণের মধ্যে মানসম্মত স্বাস্থ্য সেবার স্বার্থে জরুরী ভিত্তিতে জনবল পদায়ন করা প্রয়োজন। | কানাইঘাট উপজেলায় পরিবার পরিকল্পনা কল্যান কেন্দ্রে জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিজিডি চক্রের উপজেলা কমিটির অবহিতকরণ সভা সম্পন্ন হয়েছে। এছাড়া ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে। ডিসেম্বর-২০২৪ মাসের ২য় সপ্তাহে ভিজিডির আবেদন শুরু করা হবে।<br>অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় ও অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, জেলায় অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>তিনি আরোও জানান, তৃণমূল পর্যায়ে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে অত্র উপজেলায় গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলাদের মধ্যে জানুয়ারি-২০২৫ মাসে শুরু হবে। | তৃণমূল পর্যায়ে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলাদের মধ্যে জানুয়ারি-২০২৫ মাসে শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান,০৩ নং০৭ নং ও ০৮নং ইউনিয়ন পরিষদ জানান, অত্র উপজেলা প্রতিটি ইউনিয়নে বিভিন্ন বাজার ও রাস্তার পাশে রাত্রে অবৈধভাবে বিদ্যুৎ জ্বালিয়ে মিনি ফুটবল খেলার আয়োজন করা হয়ে থাকে। এতে বিভিন্ন সময়ে সমস্যা সৃষ্টি হয়। অবৈধভাবে বিদ্যুৎ জ্বালিয়ে মিনি ফুটবল খেলা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | অত্র উপজেলা প্রতিটি ইউনিয়নে বিভিন্ন বাজার ও রাস্তার পাশে রাত্রে অবৈধভাবে বিদ্যুৎ জ্বালিয়ে মিনি ফুটবল খেলা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২/ প্রশাসক পৌরসভা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা প্রতিমাসে ডোর টু ডোরে ও তথ্যকেন্দ্রের মাধ্যমে সেবা প্রদান করা হয়। ডোর টু ডোর ১৪ দিনের প্রতিমাসে ৩৫০ জন সেবা গ্রহীতা নিবন্ধন ও উদ্যোক্তা নিবন্ধন করা হয়। সেবা গ্রহীতাদের ডায়বেটিজ, প্রেশার,ওজন ও উচ্চতা মাপা হয়। তথ্যকেন্দ্রের মাধ্যমে V.W.V ও চাকুরীর আবেদন করা হয়। তথ্য কেন্দ্রে সকল সেবা ফি দেওয়া হয়ে থাকে বলে সভাকে অবহিত করেন। | ডোর টু ডোরের মাধ্যমে সেবা গ্রহীতা নিবন্ধন ও উদ্যোক্তা নিবন্ধন সেবা গ্রহীতাদের ডায়বেটিজ প্রেশার,ওজন ও উচ্চতা মাপাসহ সকল কার্যক্রম চলমান রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুবউন্নয়ন বিভাগের আওতাধীন ৪২০ জন যুবক ও যুব নারীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা রয়েছে। এর মধ্যে ১৪১ জন যুবনারী ও ০৯জন যুবকসহ মোট ১৫০ জনকে | লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবক ও যুবনারীদের মধ্যে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান মান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ৩৯ জন যুবক ও যুবনারীদের মধ্যে মোট ৭,৮০,০০০/- (সাত লক্ষ আশি হাজার)টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | | |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, বিগত ২০-১০-২০২৪ ইং তারিখ লোভাছড়া চা বাগিছা মৌজার বনাঞ্চলে ২০২৪ সনের জুন মাসে ১০.০ হেক্টর এএনআর বাগান পরিদর্শন শেষে পাহাড় থেকে সৃষ্ট লোভাছড়া দিয়ে আসার সময় দেখতে পাই ছড়ার উপর পাকা কালভার্ট তৈরীর জন্য কিছু শ্রমিক গর্ত খনন ও বালি,সিমেন্ট মজুদ করছে। শ্রমিকদের জিজ্ঞাসাবাদ করে জানা যায় ০১ নং লক্ষীপ্রসাদ ইউনিয়নের আর্থিক সহযোগিতায় ০৯ নং ওয়ার্ড আলতাফ মেম্বার কাজটি তদারকি করতেছেন। স্থানীয় মেম্বার সাহেবের সাথে যোগাযোগ করে উক্ত কাজটি বন্ধ রাখার জন্য লিখিতভাবে অবগত করা হয়েছে। যেহেতু কালভার্ট নির্মাণ কাজ বনাঞ্চলের সীমানার মধ্যে বিদ্যমান। উক্ত স্থানে কালভার্ট নির্মাণ হলে বনদুসররা যানবাহন ব্যবহার করে কাঠ নিতে সহজ হবে। তাই কালভার্টটির কাজ স্থায়ীভাবে বন্ধ রাখার জন্য সভাকে অবহিত করেন।<br>সভাপতি জানান,০১নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের চেয়ারম্যানকে মোবাইল ফোনের মাধ্যমে বলা হয়েছে প্রকল্পটি অন্যত্র স্থানান্তর করতে এবং বনাঞ্চলের সীমানায় পাকা কালভার্ট নির্মাণ না করার জন্য বলা হয়েছে।<br><br>উপজেলা প্রকৌশলী জানান, এলজিইডি নিয়ন্ত্রণাধীন সংযোগ সড়কে বন বিভাগ নতুন বাগান সৃজনের সময় স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সভায় অনুরোধ জানান। | ক) ০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের অর্ন্তগত বনাঞ্চলের সীমানায় পাকা কালভার্ট নির্মাণ না করে প্রকল্পটি অন্য জায়গায় স্থানান্তর করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) স্থানীয় যেকোন সংযোগ সড়কে নতুন বনায়ন করা হলে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় ০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের অর্ন্তগত মানিকগঞ্জ বাজারে পাবলিক টয়লেট নির্মাণে বরাদ্দের জন্য স্থান নির্বাচন করা হয়। কিন্তু বাজারটি ছোট একটি বাজার এবং জনবহুল নয়। সকলের সম্মতিক্রমে সাইট পরিবর্তন করা যায় কিনা। পরিবর্তন করা হলে নতুন একটি সাইট নির্বাচন করার জন্য সভায় অনুরোধ জানান।<br>তিনি আরোও জানান যে, সমগ্র বাংলাদেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অনেক গভীর নলকূপ প্রাপ্তির আবেদন পত্র জমা হয়েছে। যেহেতু ইহা একটি চলমান প্রক্রিয়া সেহেতু এ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দের জন্য একটি নির্ধারিত সময় বেঁধে দেওয়া প্রয়োজন। | সর্বসম্মতিক্রমে বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে জরুরী সহায়তা প্রকল্পের আওতাধীন ০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের অর্ন্তগত মানিকগঞ্জ বাজারের পরিবর্তে অন্য একটি বাজারে পাবলিক টয়লেট নির্মাণের জায়গা নির্বাচন করার জন্য অনুরোধ করা হলো।<br><br>আগামী ১০-১২-২০২৪ পর্যন্ত সকল প্রাপ্ত আবেদন এ প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দের জন্য যাচাই-বাছাই পূর্বক সাইট নির্বাচন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমে ধান সংগ্রহ কার্যক্রম চলমান। আমাদের বর্তমান লক্ষ্যমাত্রা ৮৯০ মে.টন। ৩৩ তেত্রিশ) টাকা কেজি দরে খাদ্যবিভাগ কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করবে। অত্র উপজেলায় কৃষকের এপ্যাসের মাধ্যমে ধান সংগ্রহ করা হবে। আগ্রহী কৃষকগণকে কৃষকের এপ্যাসের মাধ্যমে ধান বিক্রয়ের আবেদন করতে | অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন ও পৌরসভার কৃষকগণকে কৃষকের এপ্যাসের মাধ্যমে ধান বিক্রয়ের আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/কৃষি কর্মকর্তা/প্রশাসক পৌরসভা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। ধান সংগ্রহ কার্যক্রম ২৮ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত চলমান থাকবে। | | |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান,পল্লীসঞ্চয় ব্যাংক কর্তৃক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৭ লক্ষ ৩৫ হাজার টাকা,অত্র উপজেলায় মোট ঋণ বিতরণ ২৮ কোটি ২০ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ২১ কোটি ৪৫ লক্ষ টাকা। মোট ঋণ খেলাপী ৬ কোটি ৭৫ লক্ষ টাকা। | খেলাপী ঋণ আদায় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চলতি মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট কর্তৃক ০২(দুই)টি অপারেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। অপারেশনগুলো হলো একটি অগ্নিকান্ড ও অন্যটি দূর্ঘটনা বলে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত থাকার কারণে পানি উন্নয়ন বোর্ড এর কোনো অগ্রগতি জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট কে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার সভায় জানান, অত্র উপজেলার সকল মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলার সকল মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রাখার অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল।সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৩৮ টি, নিস্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ১০ টি মামলা অনিস্পত্তি ২৮ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিস্পন্ন মামলাগুলো দ্রুত নিস্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিস্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব স্ব অফিসে পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | | |
| ২৯ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (গ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়;(ঘ) মহান বিজয় দিবস -২০২৪ উদযাপন উপলক্ষে খরচ বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকা ব্যয়; (ঙ) বনলতা ও বনশ্রী কোয়ার্টারের পানির লাইন মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১৪(৩৫)

তারিখ: ০৮ কার্তিক ১৪৩১ / ২৫ নভেম্বর ২০২৪

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩. জেলা প্রশাসক, সিলেট
৪. উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫. উপজেলা ................................ কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬. চেয়ারম্যান ................................ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭. অফিসার ................................ কানাইঘাট, সিলেট
৮. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আবু তাহীর | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণবাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব বিশ্বজিত রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ প্রাণকৃষ্ণ মন্ডল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তামকানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ আব্দুল আওয়াল | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব রকিবুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব নুর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব ডাঃ আব্দুল আল গালিব | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আলী আক্তার চৌধুরী | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব উজ্জল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ সিরাজুল ইসলাম ভুইয়া | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ কামরুজ্জামান | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোঃ হিরণ মিয়া | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃ আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মোঃ গোলাম কিবরিয়া | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি |
| ০২ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোড,সিলেট |

CS CamScanner